# গঠন ও নিয়ম

তফসিল-এক

বাংলাদেশ স্কাউটস

গঠন ও নিয়ম তফসিল-এক বাংলাদেশ স্কাউটস

বাংলাদেশ স্কাউটস
৭০/১, ইনার সার্কুলার রোড, কাকরাইল, ঢাকা-১০০০

সকলকে পতাকার দিকে মুখ করে মনোযোগ সহকারে দাঁড়িয়ে পতাকাকে সম্মান প্রদর্শন করতে হবে।

(১৪) কোন যানবাহন, রেলগাড়ী বা নৌকার আচ্ছাদনের উপরিভাগ কিংবা পিছনের দিক জাতীয় পতাকা দিয়ে আবৃত করা বা ঢেকে রাখা যাবে না।

(১৫) দন্ডবিহীন অন্য কোন উপায়ে দেয়ালে জাতীয় পতাকা প্রদর্শন করা হলে সমতলভাবে প্রদর্শন করতে হবে।

(১৬) জাতীয় পতাকা কোন কবরে নামানো বা ভূমি স্পর্শ করানো যাবে না।

(১৭) জাতীয় পতাকা স্পর্শ, বহন, উত্তোলন বা রক্ষণাবেক্ষণের সর্বক্ষেত্রে সম্মান দেখাতে হবে।

(১৮) মিলনায়তন বা সভায় জাতীয় পতাকা ব্যবহৃত হলে তা বক্তার পেছনে উচ্চ অবস্থানে থাকবে।

(১৯) পতাকার ব্যবহার, উত্তলন, প্রদর্শন ও সংরক্ষণসহ সর্বক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে হবে যাতে পতাকা ছিঁড়ে না যায় বা নোংরা বা নষ্ট হয়ে না যায় বা ভূমি স্পর্শ না করতে পারে।

(২০) জাতীয় পতাকার নীচে অবস্থিত ভূমি, পানি ইত্যাদি যেন পতাকার সংস্পর্শে না আসে। জাতীয় পতাকা কোনক্রমেই সমতল বা অনুভূমিক অবস্থায বহন করা যাবে না বরং উর্ধ্বে রেখে সাবলীল ভাবে বহন করতে হবে।

(২১) কোন কিছু গ্রহণ, ধারণ, বহন অথবা প্রদান করার জন্য জাতীয় পতাকা আধার হিসেবে ব্যবহার করা যাবে না।

(২২) জাতীয় পতাকা ব্যবহারের অনুপযোগী হয়ে গেলে সে সম্পর্কে মর্যাদার সাথে ব্যবস্থা নিতে হবে। সবচেয়ে উত্তম যথাযোগ্য মর্যাদায় ভূগর্ভে সমাহিত করা।

(২৩) স্কাউট ইউনিটের উপদল পতাকা উপদল নেতা বহন করবে।

৮০. জাতীয় পতাকা ব্যবহারের সাধারণ নির্দেশাবলীঃ

(ক) শুধুমাত্র সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত জাতীয় পতাকা উত্তোলন করতে হবে। মোটর গাড়ী, নৌযান এবং বিমানের ক্ষেত্রে এ নিয়মস প্রযোজ্য নয়। রাত্রিকালীন সংসদ অধিবেশণ, রাষ্টপতি অথবা মন্ত্রীদের শপথ গ্রহণ অনুষ্ঠানের মত বিশেষ অনুষ্ঠানে সংশ্লিষ্ট ভবনসমূহে রাতের বেলায় জাতীয় পতাকা উত্তোলন করা যাবে।

(খ) জাতীয় পতাকার ওপর কোন কিছু লেখা বা মুদ্রণ করা যাবে না। কোন অনুষ্ঠান বা অন্য কোন উপলক্ষ্যে পতাকার ওপরে কোন কিছু আঁকা যাবে না।



# তৃতীয় অংশ গ

# অ্যাওয়ার্ডস

## ৮১. নিয়মাবলী ঃ

(ক) স্কাউট পোশাকে গঠন ও নিয়ম তফসিল এক-এ বর্ণিত অ্যাওয়ার্ড বা পদক বা রেপলিকা ও ব্যাজ ছাড়া অন্য কিছু পরা যাবে না।

(খ) বিদেশী স্কাউট সংস্থা কর্তৃক প্রদত্ত অ্যাওয়ার্ড বা পদক ও রাষ্ট্রীয় পদক স্কাউট অনুষ্ঠানে স্কাউট পোশাকে নির্ধারিত স্থানে পরা যাবে।

(গ) বালাদেশ স্কাউটসের গঠন ও নিয়ম তফসিল এক-এর বিধি অনুযায়ী বির্ধারিত ফরমে সকল প্রকার সনদ/পদক/ অ্যাওয়ার্ডের আবেদনপত্র/ সুপারিশ উপজেলা ও জেলা থেকে **৩১শে জানুয়ারির** মধ্যে আঞ্চলিক দফতরে এবং অঞ্চল কর্তৃক যাবতীয় সুপারিশ ও অঞ্চল পর্যায়ে অনুমোদিত সনদ/ পদক/ অ্যাওয়ার্ড প্রাপ্তদের পূর্ণ তালিকা প্রতিবছর **৩১শে মার্চের** মধ্যে জাতীয় সদর দফতরে পৌঁছাতে হবে।

(ঘ) গঠন ও নিয়ম তফসি-এক এ বর্ণিত বিধি বিধান অনুসারে অ্যাওয়ার্ড সুপারিশ, মঞ্জুর ও বিতরণ কার্যকর হবে।

(ঙ) বাংলাদেশ স্কাউটস কর্তৃক তৈরীকৃত সকল প্রকার সনদপত্র, রেপলিকা ও অ্যাওয়ার্ড জাতীয় সদর দফতর কর্তৃক অনুমোদিত, নিয়ন্ত্রিত ও সংরক্ষিত।

(চ) সকল অ্যাওয়ার্ডের জন্য ধারাবাহিকতা বজায় রেখে সুপারিশ পাঠাতে হবে। কোন পর্যায় বা স্তর বাদ দিয়ে উচ্চতর পর্যায়ের জন্য সুপারিশ গ্রহণযোগ্য হবে না। তবে প্রধান জাতীয় কমিশনার উপযুক্ত মনে করলে যে কোন ব্যক্তিকে যে কোন অ্যাওয়ার্ড প্রদান করতে পারবেন। সেক্ষেত্রে এ ধারাবাহিকতা বজায় থাকবে না।

(ছ) প্রতি বছর উপজেলা, জেলা ও অঞ্চল কর্তৃপক্ষকে গঠন ও নিয়ম তফসিল এক-এর বিধি বিধান অনুসারে সার্টিফিকেট/ মেডেল/ অ্যাওয়ার্ড/ ডেকোরেশন পাওয়ার জন্য উপযুক্ত ব্যক্তিদের কার্যাবলী যাচাইপূর্বক প্রস্তাব/ সুপারিশ যথাযথ কর্তৃপক্ষের নিকট পাঠাতে হবে যাতে কোন যোগ্য ব্যক্তির নাম বাদ না পরে।


(জ) অ্যাওয়ার্ড মঞ্জুরের ক্ষেত্রে সুপারিশসমূহ যাচাই, মূল্যায়ন, দক্ষতা ও যোগ্যতা নিরূপনের জন্য সংশ্লিষ্ট পর্যায়ে সাব কমিটি থাকবে।

(ঝ) যে ব্যক্তির জন্য সুপারিশ করা হবে তাঁর স্কাউটিংয়ে অবদান, দায়িত্বকালীন সময়ে

কর্তব্যনিষ্ঠার প্রতিফলন, দায়িত্বের সময়কাল, কাজের ধরন ও সফলতা ইত্যাদি সুপারিশকারী কর্তৃপক্ষ কর্তৃক সুস্পষ্টভাবে লিপিবদ্ধ করে সুপারিশ ফরম/ প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষের নিকট পাঠাতে হবে। কোন অসম্পূর্ণ সুপারিশ গ্রহণযোগ্য হবে না এবং বাতিল বলে গণ্য করা হবে।

(ঞ) গঠন ও নিয়ম তফসিল এক-এর বর্তমান ধারাসমূহ প্রবর্তনের পূর্বে যে সকল অ্যাওয়ার্ড প্রদান করা হয়েছে তা যথাযথ নিয়মে ব্যবহার করা যাবে।

৮২। উডব্যাজ ঃ



(ক) বাংলাদেশ স্কাউটসের ট্রেনিং স্কীমের চতুর্থ স্তর সাফল্যের সাথে সমাপ্ত করার পর নির্ধারিত ফরম সংশ্লিষ্ট উপজেলা, জেলা ও আঞ্চলিক কমিশনারের সুপারিশের প্রেক্ষিতে জাতীয় কমিশনার (প্রশিক্ষণ) এর অনুমোদক্রমে জাতীয় সদর দফতর থেকে শাখা ভিত্তিক উডব্যাজ (পার্চমেন্ট, স্কার্ফ ও বীড) প্রদান করা হবে।

(খ) সকল শাখার উডব্যাজ অর্জনকারীকে জাতীয় সদর দফতরে নির্ধারিত রেজিস্ট্রেশন ফি জমা দিয়ে নাম রেজিস্ট্রেশন করাতে হবে। উডব্যাজ জাতীয় সদর দফতর কর্তৃক অনুমোদিত, নিয়ন্ত্রিত ও সংরক্ষিত।

(গ) স্কাউট পোশাকে কালো সরু চামড়া বা রশির সাথে উডব্যাজ গলায় পরতে হবে।

(ঘ) দায়িত্বপ্রাপ্ত সহকারী লিডার ট্রেনারগণ শাখাভিত্তিক প্রাপ্ত উডব্যাজের সাথে অতিরিক্ত একটি বীড পরবেন এবং লিডার ট্রেনারগণ উডব্যাজের সাথে অতিরিক্ত দুটি বীড পরবেন।

## ❑ অঞ্চল ও জাতীয় সদর দফতর কর্তৃক অনুমোদিত অ্যাওয়ার্ড

৮৩। কমিশনার'স সার্টিফিকেট ঃ

(ক) স্কাউট আন্দোলনের সার্বিক উন্নয়ন ও সম্প্রসারণ, গ্রুপ/ইউনিট পরিচালনা, প্রশিক্ষণ, প্রোগ্রাম বাস্তবায়নে কমপক্ষে তিন বছর নিরলস শ্রমদানকারী স্কাউটার, কমিশনার/ সভাপতি, কোষাধ্যক্ষ, সম্পাদক পদমর্যদার বা স্কাউটিং কার্যক্রমে সহায়তাদানকারী স্কাউট দরদী ব্যক্তিকে নির্ধারিত ফরমে উপজেলা ও জেলা স্কাউটস কমিশনারের সুপারিশক্রমে আঞ্চলি কমিশনার এ সার্টিফিকেট মঞ্জুর করবেন। আঞ্চলিক সভাপতি ও আঞ্চলিক কমিশনারের যুগ্ম স্বাক্ষরে এ সার্টিফিকেট প্রদান করা হবে।

(গ) আঞ্চলিক কমিশনার কর্তৃক মঞ্জুরকৃত সার্টিফিকেট অর্জনকারী ব্যক্তিদের পূর্ণ তালিকা প্রতি বছর **৩১ মার্চের** মধ্যে জাতীয় সদর দফতরে পৌছানোর পর সার্টিফিকেট ইস্যু করা হবে



এবং সংশ্লিষ্ট অঞ্চল সার্টিফিকেট প্রাপ্তদের মাঝে তা বিতরণ করবে। অঞ্চল ও জাতীয় পর্যায়ে সার্টিফিকেটধারীদের তালিকাসহ যাবতীয় রেকর্ড সংরক্ষণ করতে হবে।

৮৪। ন্যাশনাল সার্ভিস অ্যাওয়ার্ড ঃ



(ক) স্কাউট, রোভার, স্কাউটার ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের মানবকল্যাণে আত্মনিবেদিত ব্যতিক্রমধর্মীকার্যক্রম যেমন ঃ বন্যা/জলোচ্ছ্বাস/ঝড়বাদল/আপতকালে উদ্ধারকাজ, ত্রাণ সংগ্রহ ও বিতরণ ইত্যাদি কাজে ক্ষতিগ্রস্ত মানুষের কল্যাণে আত্মনিয়োগ করে পরিমাপযোগ্য কল্যাণকর কার্যক্রমে ধারাবাহিক সহায়তা/শ্রম দিলে ন্যাশনাল সার্ভিস অ্যাওয়ার্ড দেয়া হবে।

(খ) ন্যাশনাল সার্ভিস অ্যাওয়ার্ড ষষ্ঠ কোণাকৃতির মাঝে স্কাউট সালাম ও তার দু'ধারে বৃত্তাকারে পাতা বা লীফ সম্বলিত ধাতব কাঠামোতে তৈরি হবে এবং মাঝখানে লালের দুই পার্শ্বের বামে গোলাপী, আকাশী ও লাল এবং ডানে কমলা, বেগুনী ও লাল রংয়ের রিবন যুক্ত থাকবে।

(গ) নির্ধারিত ফরমে জেলা কমিশনারের সুপারিশক্রমে আঞ্চলিক কমিশনারের সুনির্দিষ্ট সুপারিশে অথবা জাতীয় কমিশনারদের সুপারিশে অথবা সরাসরি জাতীয় সদর দফতর দায়িত্ব ও কর্তব্যপরায়ণ নিষ্ঠাবান যোগ্য ব্যক্তিকে ন্যাশনাল সার্ভিস অ্যাওয়ার্ড মঞ্জুর ও বিতরণ করবে।

(ঘ) ন্যাশনাল সার্ভিস অ্যাওয়ার্ডপ্রাপ্ত ব্যক্তিদের পূর্ণ তালিকা নির্ধারিত সময়ে (৩১শে মার্চের মধ্যে) অঞ্চল থেকে পাওয়ার পর জাতীয় সদর দফতর এ অ্যাওয়ার্ড ও সনদ ইস্যু করবে। বাংলাদেশ স্কাউটসের সভাপতি ও প্রধান জাতীয় কমিশনারের যুগ্ম স্বাক্ষরে এ অ্যাওয়ার্ডের সনদ প্রদান করা হবে।

(ঙ) ন্যাশনাল সার্ভিস অ্যাওয়ার্ড স্কাউট পোশাকের শার্টের বাম বুক পকেটের ঢাকনার লাইনের ওপরে এবং মহিলাদের ক্ষেত্রে বাম কাঁধ থেকে সামনের দিকে ৮ সেঃ মিঃ নীচে অন্যান্য অ্যাওয়ার্ডের বামে পরতে হবে।

(চ) **রেপলিকা ঃ** ন্যাশনাল সার্ভিস অ্যাওয়ার্ডের রিবনের রংয়ের একটি রেপলিকা প্রদান করা হবে। রেপলিকা অ্যাওয়ার্ডের স্থলে পরতে হবে।

৮৫। নম্বর টু দি ন্যাশনাল সার্ভিস অ্যাওয়ার্ড ঃ

(ক) ন্যাশনাল সার্ভিস অ্যাওয়ার্ড পাওয়ার পর অনুরূপ অতিরিক্ত জনকল্যাণকর কার্যাবলী সাফল্যের সাথে সম্পন্ন করার জন্য নম্বর টু দি ন্যাশনাল সার্ভিস অ্যাওয়ার্ড প্রদান করা হবে। নম্বর রিবনের মাঝখানে লেখা থাকবে।

(খ) **রেপলিকা ঃ** রিবনের মাঝখানে নম্বর খচিত ধাতব কাঠামোতে তৈরি অ্যাওয়ার্ডের প্রতীক সম্বলিত একটি রেপলিকা প্রদান করা হবে। অ্যাওয়ার্ডের স্থলে রেপলিকা পরতে হবে।

**৮৬। গ্যালান্ট্রি অ্যাওয়ার্ড ঃ**



(ক) যে কোন স্কাউট, রোভার, স্কাউটার ও সংশ্লিষ্ট সম্মানীয় ব্যক্তিকে তাঁর দুঃসাহসিক/বীরত্বপূর্ণ কাজের জন্য নির্ধারিত ফরমে প্রমাণপত্রসহ উপজেলা, জেলা ও আঞ্চলিক কমিশনারের সুনির্দিষ্ট সুপারিশের ভিত্তিতে অথবা সরাসরি জাতীয় সদর দফতর গ্যালান্ট্রি অ্যাওয়ার্ড মঞ্জুর ও প্রদানের ব্যবস্থা করবে।

দুঃসাহসিক কর্মকান্ডে জীবনের ওপর ঝুঁকি নিয়ে সাহসিকতাপূর্ণ কাজ সফলভাবে সম্পন্ন করার জন্য এ অ্যাওয়ার্ড মঞ্জুর করা হবে। গ্যালান্ট্রি অ্যাওয়ার্ড বাংলাদেশ স্কাউটসের মনোগ্রামের মাঝে স্কাউট সালাম খচিত ধাতব কাঠামোতে তৈরি হবে এবং মাঝখানে লালের উভয় পার্শ্বে সবুজ ও সোনালী হলুদ রংয়ের রিবন যুক্ত থাকবে।

(খ) প্রাপ্ত মেডেল স্কাউট পোশাকে শার্টের বাম বুক পকেটের ঢাকনার লাইনের ওপরে এবং মহিলাদের ক্ষেত্রে বাম কাঁধ থেকে সামনের দিকে ৮ সেঃ মিঃ নীচে প্রাপ্ত ন্যাশনাল সার্ভিস অ্যাওয়ার্ডের ডানে পরতে হবে।

(গ) **রেপলিকা ঃ** গ্যালান্ট্রি অ্যাওয়ার্ডের সাথে মেডেলের রিবনের মাঝে ধাতব কাঠামোতে তৈরি মেডেলের প্রতীক সম্বলিত একটি রেপলিকা প্রদান করা হবে। অ্যাওয়ার্ডের স্থলে রেপলিকা পরতে হবে।

(ঘ) গ্যালান্ট্রি অ্যাওয়ার্ড প্রাপ্তির সুপারিশ ফরমে ও আবেদনের সাথে যে কাজের জন্য অ্যাওয়ার্ড মঞ্জুর করা হবে সে কাজ/ঘটনার প্রত্যক্ষদর্শীর পরিচিতি ও স্বাক্ষরসহ বিবরণ থাকতে হবে।

(ঙ) প্রধান জাতীয় কমিশনার ও সভাপতির স্বাক্ষরে গ্যালান্ট্রি অ্যাওয়ার্ডের সনদ প্রদান করা হবে।

**৮৭। গ্যালান্ট্রি অ্যাওয়ার্ডের জন্য নির্ধারিত ফরমে নিম্নবর্ণিত নিয়মে সুপারিশ পাঠাতে হবে ঃ**

(ক) স্কাউট, রোভার, স্কাউটার, সহকারী কমিশনার, উপজেলার শাখাভিত্তিক লিডারদের এবং সংশ্লিষ্ট অন্যান্য সম্মানীয় পদমর্যাদার অধিকারী ব্যক্তিদের জন্য উপজেলা স্কাউট কমিশনার জেলা ও আঞ্চলিক কমিশনারের মাধ্যমে জাতীয় সদর দফতরে সুপারিশ পাঠাবেন।



(খ) সহকারী কমিশনার, জেলার শাখাভিত্তিক লিডার এবং সংশ্লিষ্ট সম্মানীয় পদমর্যাদার অধিকারী ব্যক্তিদের জন্য জেলা স্কাউট কমিশনার সংশ্লিষ্ট অঞ্চলের মাধ্যমে সুপারিশ জাতীয় সদর দফতরে পাঠাবেন।

(গ) আঞ্চলিক কমিশনার উপজেলা ও জেলার সুপারিশের সাথে অঞ্চলের উপ-কমিশনার, এ, এল, টি, এল, টি, সংশ্লিষ্ট আঞ্চলিক কর্মকর্তাদের এবং সম্মানীয় পদমর্যাদার অধিকারীগণের সুপারিশ জাতীয় সদর দফতরে পাঠাবেন।

**৮৮। প্রশংসাপত্র ঃ** সাধারণ ঝুঁকিপূর্ণ সাহসিকতা কাজের জন্য এবং যারা গ্যালান্ট্রি অ্যাওয়ার্ড প্রাপ্তিরযোগ্য বিবেচিত হবে না তাদেরকে প্রশংসাপত্র দেয়া হবে। প্রশংসাপত্রে প্রধান জাতীয় কমিশনারের স্বাক্ষর থাকবে।

**৮৯। কমিশনার'স মেডেল ঃ**



স্কাউট আন্দোলনের সার্বিক উন্নয়ন ও সম্প্রসারণ, দক্ষতার সাথে ইউনিট পরিচালনা, প্রগ্রেসিভ প্রোগ্রামের সঠিক প্রয়োগে কাব, স্কাউট ও রোভারদের গুণগত মানোন্নয়ন, সংগঠন, প্রশিক্ষণ ও প্রোগ্রাম কার্যাবলী বাস্তবায়নে দক্ষতার সাথে দায়িত্ব ও কর্তব্য পালনকারী আত্মনিবেদিত স্কাউটার, কমিশনার বা সম্পাদক, কোষাধ্যক্ষ, সভাপতি পদমর্যাদাসম্পন্ন ব্যক্তিকে কমিশনার'স সার্টিফিকেট প্রাপ্তির কমপক্ষে চার বৎসর পর উপজেলা ও জেলা কমিশনারের সুপারিশক্রমে আঞ্চলিক কমিশনারের অনুমোদনে কমিশনার'স মেডেল প্রদান করা হবে।

(খ) কমিশনার'স মেডেল একটি রীফ নটের মাঝে হরিণের মাথা খচিত ষষ্ঠ কোণাকৃতির ধাতত কাঠামোতে তৈরি হবে এবং মাজখানে সবুজের উভয় পার্শ্বে লাল, গাঢ় নীল ও সাদা রং সম্বলিত রিবনযুক্ত থাকবে।

(গ) বছরের নির্দিষ্ট সময়ে (৩১ শে জানুয়ারির মধ্যে) নির্ধারিত ফরমে যথাযথ কর্তৃপক্ষের সুপারিশ আঞ্চলিক দফতরে পৌঁছানোর পর আঞ্চলিক কমিশনারের অনুমোদনক্রমে দক্ষ ও যোগ্যতাসম্পন্ন ব্যক্তিকে কমিশনার'স মেডেল প্রদান করা হবে।


(ঘ) অঞ্চল কর্তৃক অনুমোদিত কমিশনার'স মেডেল প্রাপ্যদের তালিকা বছরের নির্ধারিত সময়ে (৩১ শে মার্চের মধ্যে) জাতীয় সদর দফতরে পৌঁছানোর পর মেডেল ও সনদ ইস্যু করা হবে। মেডেলের সনদে আঞ্চলি কমিশনার ও সভাপতির স্বাক্ষর থাকবে এবং আঞ্চলিক সভাপতি বিতরণ করবেন। অঞ্চল ও জাতীয় পর্যায়ে মেডেল প্রাপ্তদের যাবতীয় রেকর্ড সংরক্ষিত থাকবে।

(ঙ) প্রাপ্ত কমিশনার'স মেডেল স্কাউট পোশাকে শার্টের বাম বুক পকেটের ঢাকনার লাইনের

ওপরে এবং মহিলাদের ক্ষেত্রে বাম কাঁধ থেকে সামনের দিকে ৮ সেঃ মিঃ নিচে ন্যাশনাল সার্ভিস অ্যাওয়ার্ড ও গ্যালান্ট্রি অ্যাওয়ার্ডের ডান পার্শ্বে পরতে হবে।

(চ) **রেপলিকা** ঃ কমিশনার'স মেডেলের সাথে রিবনের রংয়ের একটি রেপলিকা প্রদান করা হবে। মেডেলের স্থলে রেপলিকা পরতে হবে।

**৯০। কমিশনার'স অ্যাওয়ার্ড ঃ**



(ক) বাংলাদেশ স্কাউটসের গঠন ও নিয়ম অনুযায়ী সংগঠন পরিচালনা, স্কাউটিংয়ের সার্বিক উন্নয়ন ও সম্প্রসারণে প্রশাসনিক দক্ষতা, সঠিক নেতৃত্ব ও দায়িত্ব পালন, ইউনিট পরিচালনা ও শাখাভিত্তিক স্কাউটদের গুণগত মানোন্নয়ন, সংগঠন, প্রশিক্ষণ ও প্রোগ্রাম বাস্তবায়নে সঠিক নেতৃত্বদানকারী আত্মনিবেদিত স্কাউটার, কমিশিনার বা সম্পাদক, কোষাধ্যক্ষ, সভাপতি পদমর্যাদাসম্পন্ন ব্যক্তিকে কমিশনার'স সার্টিফিকেট পাওয়ার পর সন্তোষজনক কাজের জন্য এবং স্কাউটিংয়ের অন্যান্য সাহায্যকারী দরদী ব্যক্তিদের সক্রিয় দায়িত্ব পালনে তিন বছরের সন্তোষজনক কাজের স্বীকৃতিস্বরূপ উপজেলা ও জেলা কমিশনারের সুপারিশক্রমে আঞ্চলিক কমিশনারের অনুমোদনে কমিশনার'স অ্যাওয়ার্ড প্রদান করা হবে।

(খ) কমিশনার'স অ্যাওয়ার্ড দুই কোণ ও আয়তক্ষেত্র আকৃতির মাঝে শীপ স্যাংক নট তার ওপরে স্কাউট মনোগ্রাম ও নীচে একটি স্কয়ার বা বর্গাকৃতির রেখা চিহ্ন সম্বলিত ধাতব কাঠামোতে তৈরি হবে এবং মাঝখানে সোনালী হলুদের উভয় পার্শ্বে বেগুনী, আকাশী ও লাল রংয়ের রিবন যুক্ত থাকবে।

(গ) কমিশনার'স অ্যাওয়ার্ড সনদে আঞ্চলিক সভাপতি, কমিশনার ও প্রধান জাতীয় কমিশনারের স্বাক্ষর থাকবে। এ অ্যাওয়ার্ড আঞ্চলিক সভাপতি আনুষ্ঠানিকভাবে বিতরণ করবেন।

(ঘ) বছরের নির্দিষ্ট সময়ে (৩১শে জানুয়ারির মধ্যে) নির্ধারিত ফরমে উপজেলা ও জেলা কমিশনারের সুনির্দিষ্ট সুপারিশ অঞ্চলে পৌছানোর পর আঞ্চলিক কমিশনারের অনুমোদনক্রমে যোগ্যতাসম্পন্ন ব্যক্তিকে এ অ্যাওয়ার্ড প্রদান করা হবে।

(ঙ) অঞ্চল কর্তৃক কমিশনার'স অ্যাওয়ার্ড প্রাপ্যদের তালিকা নির্ধারিত সময়ে (৩১শে মার্চের মধ্যে) জাতীয় সদর দফতরে পৌছানোর পর অ্যাওয়ার্ড ও সনদ ইস্যু করা হবে। উপজেলা, জেলা, অঞ্চল ও জাতীয় পর্যায়ে অ্যাওয়ার্ড প্রাপ্তদের যাবতীয় রেকর্ড সংরক্ষিত থাকবে।



(চ) প্রাপ্ত কমিশনার'স অ্যাওয়ার্ড স্কাউট পোশাকের শার্টের বাম বুক পকেটের ঢাকনার লাইনের ওপরে এবং মহিলাদের ক্ষেত্রে বাম কাঁধ থেকে সামনের দিকে ৮ সেঃ মিঃ নিচে পূর্বে প্রাপ্ত অ্যাওয়ার্ডের ডান পার্শ্বে পরতে হবে।

(ছ) **রেপলিকা** ঃ কমিশনার'স অ্যাওয়ার্ডের সাথে রিবনের রংয়ের একটি রেপলিকা প্রদান করা হবে। অ্যাওয়ার্ডের স্থলে রেপলিকা পরতে হবে।

**৯১। ন্যাশনাল সার্টিফিকেট ঃ**

(ক) স্কাউট আন্দোলনের সার্বিক উন্নয়ন ও সম্প্রসারণে উপজেলা, জেলা, অঞ্চল ও জাতীয় পর্যায়ে সক্রিয় কার্যক্রমে আত্মনিবেদিত স্কাউটার, কমিশনার/ সম্পাদক, কোষাধ্যক্ষ, সভাপতি পদমর্যাদাসম্পন্ন ব্যক্তিকে ন্যূনতম দুই বছর সন্তোষজনক কাজের স্বীকৃতিস্বরূপ উপজেলা, জেলা ও আঞ্চলিক কমিশনারের সুনির্দিষ্ট সুপারিশক্রমে অথবা প্রধান জাতীয় কমিশনার সরাসরি ন্যাশনাল সার্টিফিকেট মঞ্জুর করতে পারবেন।

(খ) উপজেলা, জেলা ও অঞ্চল থেকে নির্দিষ্ট সময়ে নির্ধারিত ফরমে ব্যক্তির অবদান বা সন্তোষজনক কাজের সুনির্দিষ্ট বিবরণসহ সুপারিশ প্রাপ্তির পর জাতীয় সদর দফতর থেকে যোগ্যতাসম্পন্ন ব্যক্তিকে প্রধান জাতীয় কমিশনার ও সভাপতির স্বাক্ষরে ন্যাশনাল সার্টিফিকেট প্রদান করা হবে। সার্টিফিকেট প্রাপ্তদের পূর্ণ রেকর্ড সংশ্লিষ্ট দফতরে সংরক্ষিত থাকবে।

**৯২। মেডেল অব মেরিট ঃ**




(ক) স্কাউট আন্দোলনের সার্বিক উন্নয়ন ও সম্প্রসারণে বিশেষ করে সংগঠন, প্রশিক্ষণ ও প্রোগ্রাম কার্যাবলীর সার্বিক বাস্তবায়ন ও গুণগত মান উন্নয়নে আত্মনিবেদিত স্কাউটার, কমিশনার বা সম্পাদক, কোষাধ্যক্ষ, সভাপতি পদমর্যাদাসম্পন্ন ব্যক্তিকে কমিশনার'স মেডেল প্রাপ্তির অন্ততঃপক্ষে এক বছর পর সন্তোষজনক কাজের জন্য উপজেলা, জেলা ও আঞ্চলিক কমিশনারের সুপারিশক্রমে অথবা সংশ্লিষ্ট সক্রিয় যে কোন ব্যক্তির কমপক্ষে সাত বছর অনুরূপ সন্তোষজনক কাজের জন্য সরাসরি জাতীয় সদর দফতর থেকে মেডেল অব মেরিট অ্যাওয়ার্ড প্রদান করা হবে।

(খ) মেডেল অব মেরিট অ্যাওয়ার্ড বাংলাদেশ স্কাউটসের মনোগ্রাম খচিত বৃত্তাকার বাংলায় "মেডেল অব মেরিট"ও ইংরেজীতে Medal of Merit লেখা ধাতব কাঠামোতে তৈরি হবে এবং পাশাপাশি গাঢ় ও হালকা সবুজ রংয়ের রিবনযুক্ত থাকবে।

(গ) প্রতিবছর ৩১শে মার্চের মধ্যে নির্ধারিত ফরমে যথাযথ কর্তৃপক্ষের সুপারিশ জাতীয় সদর দফতরে পৌছানোর পর দক্ষ ও যোগ্যতাসম্পন্ন ব্যক্তিদের এ অ্যাওয়ার্ড প্রদান করা হবে।


বাংলাদেশ স্কাউটসের সভাপতি ও প্রধান জাতীয় কমিশনারের যুগ্ম স্বাক্ষরে সনদ প্রদান করা হবে।

(ঘ) প্রাপ্ত মেডেল অব মেরিট স্কাউট পোশাকের শার্টের বাম বুক পকেটের ঢাকনার লাইনের ওপরে এবং মহিলাদের ক্ষেত্রে বাম কাঁধ থেকে সামনের দিকে ৮ সেঃ মিঃ নিচে পূর্বে প্রাপ্ত অ্যাওয়ার্ডের ডান পার্শ্বে পরতে হবে।

(ঙ) **রেপলিকা ঃ** মেডেল অব মেরিটের সাথে মেডেলের রিবনের রংয়ের রেপলিকা প্রদান করা হবে। মেডেলের স্থলে রেপলিকা পরতে হবে।

**৯৩। বার টু দি মেডেল অব মেরিট ঃ**

(ক) মেডেল অব মেরিট পাওয়ার পর ন্যূনতম ৩ (তিন) বছর যাবৎ অনুরূপ অতিরিক্ত কার্যাবলী সাফল্যের সাথে সম্পন্ন করার পর বার টু দি মেডেল অব মেরিট প্রদান করা হবে। বার টু দি মেডেল অব মেরিট রিবনের মাঝখানে পরতে হবে।



(খ) বার টু দি মেডেল অব মেরিট সনদে সভাপতি ও প্রধান জাতীয় কমিশনারের যুগ্ম স্বাক্ষর থাকবে।

(গ) **রেপলিকা ঃ** বার টু দি মেডেল অব মেরিট সনদ এর সাথে মেডেল অব মেরিট রিবনের ওপর সোনালী হলুদ রংয়ের একটি স্কাউট সালাম চিহ্নিত রেপলিকা প্রদান করা হবে। মেডেল অব মেরিট রেপলিকার স্থলে বার এর রেপলিকা পরতে হবে।

**৯৪। লং সার্ভিস ডেকোরেশন ঃ**

(ক) স্কাউট আন্দোলনের সার্বিক উন্নয়ন ও সম্প্রসারণে দক্ষতার সাথে ধারাবাহিক একটানা অন্যূন পনর বছর সক্রিয় কাজের স্বীকৃতিস্বরূপ লং সার্ভিস ডেকোরেশন দেয়া হবে। এ কাজে সনদধারী সকল স্কাউটার, কমিশনার বা উপজেলা, জেলা ও অঞ্চলের সভাপতি, কোষাধ্যক্ষ, সম্পাদক এবং সদস্যকে নির্ধারিত ফরমে উপজেলা জেলা ও আঞ্চলিক কমিশনারের সুপারিশের ভিত্তিতে জাতীয় সদর দফতর থেকে লং সার্ভিস ডেকোরেশন মঞ্জুর করা হবে।



(খ) লং সার্ভিস ডেকোরেশন প্রাপ্তির ক্ষেত্রে বিভিন্ন পদ মর্যাদায় বা একই দায়িত্বে ধারাবাহিক একটানা পনর বছর সক্রিয় কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বিভিন্ন দায়িত্বকালীন সময়ের কার্যকাল একত্রিত করে পনর বছরের বেশি হতে হবে। তবে কাব, স্কাউট বা রোভার হিসেবে কাজ করার কার্যকাল এ গণনায় যোগ করা যাবে না।



(গ) কোন ব্যক্তি কৃতিত্বপূর্ণ কাজের জন্য অঞ্চল বা জাতীয় সদর দফতর থেকে অন্যান্য অ্যাওয়ার্ড পেলেও লং সার্ভিস ডেকোরেশন পাওয়ার যোগ্য হতে পারবেন।

(ঘ) লং সার্ভিস ডেকোরেশন প্রাপ্য ব্যক্তির সংশ্লিষ্ট উপজেলা/জেলা/অঞ্চলে সংরক্ষিত কাজের রেকর্ড অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ নির্ধারিত ফরমে আঞ্চলিক কমিশনারের মাধ্যমে সুপারিশ পাঠানোর পর জাতীয় সদর দফতর থেকে লং সার্ভিস ডেকোরেশন প্রদান করা হবে। সভাপতি ও প্রধান জাতীয় কমিশনারের স্বাক্ষরে লং সার্ভিস ডেকোরেশন সনদ দেয়া হবে।

(ঙ) লং সার্ভিস ডেকোরেশন একটি বৃত্তাকার রশির মাঝখানে ভাসমান শাপলার ওপরে বাংলাদেশ স্কাউটসের মনোগ্রাম এবং তার ওপরে অর্ধ বৃত্তাকার রেখা চিহ্নিত ধাতব কাঠামোতে তৈরি হবে এবং পাশাপাশি একাধিক হাল্কা নীল ও হাল্কা সিঁদুর লাল রংয়ের রিবন যুক্ত থাকবে।

(চ) লং সার্ভিস ডেকোরেশন স্কাউট পোশাকের শার্টের বাম বুক পকেটের ঢাকনার ওপরে মহিলাদের ক্ষেত্রে বাম কাঁধ থেকে সামনের দিকে ৮ সেঃ মিঃ নীচে প্রাপ্ত মেডেল অব মেরিট এর ডান পার্শ্বে পরতে হবে।

(ছ) **রেপলিকা ঃ** লং সার্ভিস ডেকোরেশনের সাথে রিবনের রংয়ের একটি রেপলিকা দেয়া হবে। ডেকোরেশনের স্থলে রেপলিকা পরতে হবে।

**৯৫। লং সার্ভিস অ্যাওয়ার্ড ঃ**

(ক) স্কাউট আন্দোলনের সার্বিক উন্নয়ন ও সম্প্রসারণে দক্ষতার সাথে ধারাবাহিক একটানা অন্যূন পঁচিশ বছর সক্রিয় সন্তোষজনক কাজের স্বীকৃতিস্বরূপ লং সার্ভিস অ্যাওয়ার্ড প্রদান করা হবে। এ কাজে সনদধারী সকল পর্যায়ের স্কাউটার, কমিশনার, সভাপতি, কোষাধ্যক্ষ, সম্পাদক এবং সক্রিয় অন্যান্য সদস্যকে নির্ধারিত ফরমে উপজেলা, জেলা ও আঞ্চলিক কমিশনারের সুপারিশের ভিত্তিতে সরাসরি জাতীয় সদর দফতর থেকে লং সার্ভিস অ্যাওয়ার্ড প্রদান করা হবে।



(খ) লং সার্ভিস অ্যাওয়ার্ড প্রাপ্তির ক্ষেত্রে বিভিন্ন পদমর্যাদায় বা একই দায়িত্বে ধারাবাহিক একটানা পঁচিশ বছর সক্রিয় কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বিভিন্ন দায়িত্বকালীন সময়ের কার্যকাল একত্র করে পঁচিশ বছর হতে হবে। তবে খন্ডকালীন বা কাব, স্কাউট ও রোভার হিসেবে কার্যকাল এ গণনায় যোগ করা যাবে না।

(গ) লং সার্ভিস অ্যাওয়ার্ড প্রাপ্য ব্যক্তির সংশ্লিষ্ট উপজেলা/জেলা/অঞ্চল/জাতীয় সদর দফতরে সংরক্ষিত কাজের রেকর্ড অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের নির্ধারিত ফরমে যথাযথভাবে

সুপারিশ পাওয়ার পর জাতীয় সদর দফতর থেকে লং সার্ভিস অ্যাওয়ার্ড প্রদান করা হবে। বাংলাদেশ স্কাউটসের সভাপতি ও প্রধান জাতীয় কমিশনারের যুগ্ম স্বাক্ষরে এ অ্যাওয়ার্ডের সনদ দেয়া হবে। সভাপতি আনুষ্ঠানিকভাবে এ অ্যাওয়ার্ড প্রদান করবেন।

(ঘ) লং সার্ভিস অ্যাওয়ার্ড বাংলাদেশ স্কাউটসের মনোগ্রাম ঘিরে দীর্ঘ সেবার প্রতীকস্বরূপ বৃত্তাকারে তীর অংকিত, ওপর থেকে দুধারে ছড়ানো দুফালি কাপড়ের নকশা সম্বলিত ডিম্বাকৃতির ধাতব কাঠামোতে তৈরি হবে এবং মাঝখানে সবুজ এবং উভয় পার্শ্বে সাদা, কালো ও গোলাপী রংয়ের রিবন যুক্ত থাকবে।

(ঙ) লং সার্ভিস অ্যাওয়ার্ড স্কাউট পোশাকের শার্টের বাম বুক পকেটের ঢাকনার লাইনের ওপরে মহিলাদের ক্ষেত্রে বাম কাঁধ থেকে সামনের দিকে ৮ সেঃ মিঃ নীচে প্রাপ্ত লং সার্ভিস ডেকোরেশনের ডান পার্শ্বে পরতে হবে।

(চ) **রেপলিকা ঃ** লং সার্ভিস অ্যাওয়ার্ডের সাথে রিবনের রংয়ের রেপলিকা প্রদান করা হবে। অ্যাওয়ার্ডের স্থলে রেপলিকা পরতে হবে।

৯৬। সি, এন, সি'স অ্যাওয়ার্ড ঃ

(ক) বাংলাদেশ স্কাউটসের সাংগঠনিক ও ব্যবস্থাপনা কার্যাবলীর সুষ্ঠু ও সফল বাস্তবায়ন, প্রশিক্ষণ ও প্রোগ্রাম কার্যাবলী পরিচালনা ও মানোন্নয়ন এবং স্কাউটিংয়ের সার্বিক উন্নয়ন ও



সম্প্রসারণ কার্যক্রমে সঠিক নেতৃত্ব ও দায়িত্ব সুষ্ঠুভাবে সম্পাদন এবং বার টু দি মেডেল অব মেরিট প্রাপ্তির অন্ততঃপক্ষে তিন বছর পর অধিকতর অনন্য অবদান রাখার জন্য স্কাউটার, কমিশনার ও অন্যান্য পদমর্যাদার ব্যক্তিকে উপজেলা, জেলা ও আঞ্চলিক কমিশনারের সুপারিশক্রমে অথবা সরাসরি প্রধান জাতীয় কমিশনার এ অ্যাওয়ার্ড প্রদান করবেন।

(খ) সি, এন, সি'স অ্যাওয়ার্ড বাংলাদেশ স্কাউটসের মনোগ্রামের অর্ধাংশ পাতা/ লীফ দিয়ে ঘেরা ধাতব কাঠামোতে তৈরি হবে। অ্যাওয়ার্ডের পেছনে বাংলায় সিএনসি'স অ্যাওয়ার্ড ও ইংরেজীতে CNC's Award অ্যাম্বুশ করা থাকবে এবং মাঝে হলুদ এবং উভয় পার্শ্বে সবুজ ও লাল রংয়ের রিবন যুক্ত থাকবে।

(গ) বছরের নির্দিষ্ট সময়ে (৩১শে মার্চের মধ্যে) নির্ধারিত ফরমে যথাযথ কর্তৃপক্ষের লিখিত সাইটেশনসহ সুপারিশ জাতীয় সদর দফতরে পৌছানোর পর প্রধান জাতীয় কমিশনারের অনুমোদনক্রমে দক্ষ ও যোগ্যতাসম্পন্ন ব্যক্তিকে এ অ্যাওয়ার্ড প্রদান করা হবে।

(ঘ) প্রাপ্ত অ্যাওয়ার্ড স্কাউট পোশাকের শার্টের বামবুক পকেটের ঢাকনার লাইনের ওপরে এবং মহিলাদের ক্ষেত্রে বাম কাঁধ থেকে সামনের দিকে ৮ সেঃ মিঃ নিচে পূর্বে প্রাপ্ত অ্যাওয়ার্ডের ডানপার্শ্বে পরতে হবে।



(ঙ) **রেপলিকা ঃ** সি এনসি'স অ্যাওয়ার্ডের সাথে রিবনের রংয়ের একটি রেপলিকা প্রদান করা হবে। অ্যাওয়ার্ডের স্থলে রেপলিকা পরতে হবে।

(চ) প্রধান জাতীয় কমিশনার এবং সভাপতির স্বাক্ষরিত সনদ এবং অ্যাওয়ার্ড প্রধান জাতীয় কমিশনার আনুষ্ঠানিকভাবে প্রদান করবেন।

৯৭। সভাপতি অ্যাওয়ার্ড ঃ

(ক) বাংলাদেশ স্কাউটসের সাংগঠনিক ও প্রশাসনিক কার্যাবলীর সুষ্ঠু ও সফল বাস্তবায়নসহ প্রশিক্ষণ ও প্রোগ্রাম কার্যক্রম বাস্তবায়নে সঠিক নেতৃত্ব ও দায়িত্ব পালনে অধিকতর বিশেষ



অবদান রাখার জন্য স্কাউটার ও কমিশনার পদমর্যাদার ব্যক্তি এবং অন্যান্য পদমর্যাদার ব্যক্তিদের ন্যাশনাল সার্টিফিকেট পাওয়ার পর সন্তোষজনক কাজের জন্য উপজেলা, জেলা ও আঞ্চলিক কমিশনারের সুপারিশক্রমে অথবা সরাসরি বাংলাদেশ স্কাউটসের সভাপতি এ অ্যাওয়ার্ড প্রদান করবেন।

(খ) যে কোন বাংলাদেশী অথবা বিদেশী ব্যক্তি যিনি বাংলাদেশ স্কাউট ফাউন্ডেশনের উন্নয়নে সরাসরি অবদান রাখবেন এবং বাংলাদেশ স্কাউট ফাউন্ডেশনের তহবিল উন্নয়নে যে কোন বাংলাদেশী ১০,০০০/- (দশ হাজার) টাকা অথবা বিদেশী ২৫০ ইউ এস ডলার এককালীন অনুদান হিসেবে প্রদান করলে তিনি এ অ্যাওয়ার্ড প্রাপ্তির যোগ্য বলে বিবেচিত হবেন।

(গ) সভাপতি অ্যাওয়ার্ড গোলাকৃতির হবে। শীল্ড আকৃতির মাঝে স্কাউট মনোগ্রাম তার নীচে দুধারে ছড়ানো পাতা এবং রীফ নট গেরোসহ রশি দ্বারা বেষ্টিত ধাতব কাঠামোতে তৈরি হবে। মাঝখানে সাদা রংয়ের উভয় পার্শ্বে খয়েরী, ফিরোজা, নীল ও সবুজ রংয়ের রিবন যুক্ত থাকবে।

(ঘ) প্রতিবছর নির্দিষ্ট সময়ে (৩১শে মার্চের মধ্যে) নির্ধারিত ফরমে যথাযথ কর্তৃপক্ষের লিখিত সাইটেশনসহ সুপারিশ জাতীয় সদর দফতরে পৌছানোর পর সভাপতির অনুমোদনক্রমে দক্ষ ও যোগ্যতাসম্পন্ন ব্যক্তিকে এ অ্যাওয়ার্ড আনুষ্ঠানিকভাবে প্রদান করা হবে।


(ঙ) বাংলাদেশ স্কাউটসের সভাপতি এবং প্রধান জাতীয় কমিশনার এর স্বাক্ষরিত সনদ এবং অ্যাওয়ার্ড সভাপতি আনুষ্ঠানিকভাবে প্রদান করবেন।

(চ) প্রাপ্ত অ্যাওয়ার্ড স্কাউট পোশাকের শার্টের বাম বুক পকেটের ঢাকনার লাইনের ওপরে এবং মহিলাদের ক্ষেত্রে বাম কাঁধ থেকে সামনের দিকে ৮ সেঃ মিঃ নীচে পূর্বে প্রাপ্ত সি এন সি'স অ্যাওয়ার্ডের ডানে পরতে হবে।

(ছ) **রেপলিকা ঃ** সভাপতি অ্যাওয়ার্ডের সাথে রিবনের রংয়ের একটি রেপলিকা প্রদান করা হবে। অ্যাওয়ার্ডের স্থলে রেপলিকা পরতে হবে।

৯৮। রৌপ্য ইলিশ ঃ

(ক) রৌপ্য ইলিশ বাংলাদেশ স্কাউটসের সর্বোচ্চ দ্বিতীয় অ্যাওয়ার্ড। নিয়মানুযায়ী সিএনসি'স অ্যাওয়ার্ড প্রাপ্তির পর অন্ততঃপক্ষে ৪ (চার) বছর সন্তোষজনক স্কাউট আন্দোলনের



সাংগঠনিক কার্যাবলীর সুষ্ঠু ও সফল বাস্তবায়ন, প্রশিক্ষণ কোর্স পরিচালনা ও এর মানোন্নয়ন এবং প্রোগ্রাম বাস্তবায়নসহ স্কাউট আন্দোলনের সার্বিক উন্নয়ন ও সম্প্রসারণ কার্যক্রমে অধিকতর অনন্য অবদান রাখার জন্য স্কাউটার, কমিশনার ও অন্যান্য পদমর্যাদার ব্যক্তিকে উপজেলা, জেলা ও আঞ্চলিক কমিশনারের সুপারিশক্রমে অথবা সরাসরি জাতীয় সদর দফতর হতে "রৌপ্য ইলিশ" অ্যাওয়ার্ড মঞ্জুর করা হবে।

(খ) রৌপ্য ইলিশ অ্যাওয়ার্ড সমান মাপে মাঝে হলুদ ও দুই পাশে জলপাই সবুজ রংয়ের রিবনে যুক্ত থাকবে।

(গ) বছরের নির্দিষ্ট সময়ে (৩১শে মার্চের মধ্যে) নির্ধারিত ফরমে যথাযথ কর্তৃপক্ষের সুনির্দিষ্ট ও সুস্পষ্ট লিখিত সাইটেশনসহ সুপারিশ জাতীয় সদর দফতরে পৌঁছানোর পর যোগ্যতাসম্পন্ন ব্যক্তিকে রৌপ্য ইলিশ অ্যাওয়ার্ড প্রদান করা হবে।

(ঘ) রৌপ্য ইলিশ অ্যাওয়ার্ডের সনদে প্রধান জাতীয় কমিশনার ও চীফ স্কাউটের যুগ্ম স্বাক্ষর থাকবে এবং চীফ স্কাউট আনুষ্ঠানিকভাবে এ অ্যাওয়ার্ড প্রদান করবেন।

(ঙ) প্রাপ্ত রৌপ্য ইলিশ অ্যাওয়ার্ড স্কাউট অনুষ্ঠানে স্কাউট পোশাকের সাথে গলায় ঝুলিয়ে পরতে হবে।

(চ) **রেপলিকা ঃ** রৌপ্য ইলিশ অ্যাওয়ার্ডের সাথে রিবনের রংয়ের রেপলিকা প্রদান করা হবে। এ রেপলিকা স্কাউট পোশাকের শার্টের বাম বুক পকেটের ঢাকনার ওপরে এবং মহিলাদের ক্ষেত্রে বাম কাঁধ থেকে সামনের দিকে ৮ সেঃ মিঃ নীচে অন্যান্য রেপলিকার ওপরে ১০২(ক) ধারায় বর্ণিত নিয়মানুযায়ী পরতে হবে।

৯৯। রৌপ্য ব্যাঘ্র ঃ

(ক) রৌপ্য ব্যাঘ্র বাংলাদেশ স্কাউটসের সর্বোচ্চ অ্যাওয়ার্ড। নিয়মানুযায়ী রৌপ্য ইলিশ প্রাপ্তির পর অন্ততঃপক্ষে ৪ (চার) বছর সন্তোষজনক স্কাউট আন্দোলনের সংগঠন, প্রশিক্ষণ ও প্রোগ্রামের মানোন্নয়ন এবং কার্যাবলীর সুষ্ঠু ও সফল বাস্তবায়নসহ আন্দোলনের সার্বিক উন্নয়ন ও সম্প্রসারণে অসাধারণ বিশেষ কাজের জন্য যে কোন স্কাউটার, কমিশনার, সম্মানীয় পদমর্যাদাধারী ব্যক্তি উপজেলা, জেলা ও আঞ্চলিক কমিশনারের সুপারিশক্রমে





অথবা সরাসরি জাতীয় সদর দফতর হতে রৌপ্য ব্যাঘ্র মঞ্জুর করা হবে। ভিন্ন দেশের বিশিষ্ট স্কাউট ব্যক্তিত্ব বা দেশের অভ্যন্তরে জাতীয় স্কাউট সেবায় স্বীকৃত অবদান রাখার জন্য জাতীয় পর্যায়ের বিশিষ্ট ব্যক্তিদের সরাসরি জাতীয় সদর দফতর থেকে রৌপ্য ব্যাঘ্র প্রদান করা যেতে পারে।

(খ) রৌপ্য ব্যাঘ্র অ্যাওয়ার্ডে সমান মাপে মাঝে লাল ও দুই পাশে গাঢ় সবুজ রংয়ের রিবন যুক্ত থাকবে।

(গ) বছরের নির্দিষ্ট সময়ে (৩১শে মার্চের মধ্যে) নির্ধারিত ফরমে যথাযথ কর্তৃপক্ষের সুস্পষ্ট লিখিত সাইটেশনসহ সুপারিশ জাতীয় সদর দফতরে পৌঁছানোর পর যোগ্যতা সম্পন্ন ব্যক্তিকে রৌপ্য ব্যাঘ্র অ্যাওয়ার্ড প্রদান করা হবে।

(ঘ) রৌপ্য ব্যাঘ্র অ্যাওয়ার্ডের সনদে চীফ স্কাউট ও প্রধান জাতীয় কমিশনারের যুগ্ম স্বাক্ষর থাকবে এবং চীফ স্কাউট আনুষ্ঠানিকভাবে এ অ্যাওয়ার্ড প্রদান করবেন।

(ঙ) প্রাপ্ত রৌপ্য ব্যাঘ্র স্কাউট অনুষ্ঠানে স্কাউট পোশাকের সাথে গলায় পরতে হবে। পূর্বে অর্জিত "রৌপ্য ইলিশ" এ অ্যাওয়ার্ডের সাথে পরা যাবে না, তার পরিবর্তে রৌপ্য ইলিশ অ্যাওয়ার্ড রেপলিকা পরা যাবে।

(চ) **রেপলিকা ঃ** রৌপ্য ব্যাঘ্র অ্যাওয়ার্ডের সাথে রিবনের রংয়ের রেপলিকা প্রদান করা হবে। রেপলিকার মাঝখানে ধাতব কাঠামোতে তৈরী ব্যাঘ্র প্রতীক থাকবে। এ রেপলিকা স্কাউট পোশাকের শার্টের বাম বুক পকেটের ঢাকনার ওপরে এবং মহিলাদের ক্ষেত্রে বাম কাঁধ থেকে সামনের দিকে ৮ সেঃ মিঃ নীচে রৌপ্য ইলিশ রেপলিকার ডান পাশে পরতে হবে।

১০০। **রাষ্ট্রীয়/বিদেশী অ্যাওয়ার্ড বা পদক পরার নিয়মাবলী ঃ**

সকল প্রকার অ্যাওয়ার্ড/পদক ও সংশ্লিষ্ট রেপলিকা স্কাউট পোশাকের শার্টের বাম পকেটের ঢাকনার লাইনের ওপরে এবং মহিলাদের ক্ষেত্রে বাম কাঁদ থেকে সামনের দিকে ৮ সেঃ মিঃ নীচে পরতে হবে। রাষ্ট্রীয় পদক ও বিশ্ব স্কাউট সংস্থা কর্তৃক প্রদত্ত ব্রোঞ্জ উলফ অ্যাওয়ার্ড রৌপ্য ব্যাঘ্র অ্যাওয়ার্ডের ওপরে পরতে হবে। অন্যান্য বিদেশী স্কাউট সংস্থা কর্তৃক প্রদত্ত অ্যাওয়ার্ড/সামরিক পদক ও রেপলিকা ১০২(ক) ধারায় বর্ণিত নিয়ম অনুযায়ী নির্ধারিত স্থানে পরতে হবে।

১০১। **সার্টিফিকেট, পদক বা অ্যাওয়ার্ড বিতরণের নিয়মাবলী ঃ**

(১) **ন্যাশনাল সার্ভিস অ্যাওয়ার্ড ঃ** জাতীয় কাউন্সিল সভায় / জাতীয় নির্বাহী কমিটির সভায়

বা পৃথক অনুষ্ঠানের মাধ্যমে বাংলাদেশ স্কাউটসের সভাপতি বা সহ-সভাপতি বা প্রধান জাতীয় কমিশনার ন্যাশনাল সার্ভিস অ্যাওয়ার্ড ও সনদ প্রদান করবেন এবং নম্বর টু দি ন্যাশনাল সার্ভিস অ্যাওয়ার্ডের ক্ষেত্রে নম্বর বার, রেপলিকা ও সনদ প্রদান করবেন।

(২) **গ্যালান্ট্রি অ্যাওয়ার্ড ঃ** জাতীয় কাউন্সিল সভায়/ জাতীয় নির্বাহী কমিটির সভায় অথবা পৃথক অনুষ্ঠানের মাধ্যমে বাংলাদেশ স্কাউটসের সভাপতি বা সহ-সভাপতি বা প্রধান জাতীয় কমিশনার গ্যালান্ট্রি অ্যাওয়ার্ড ও সনদ প্রদান করবেন।

(৩) **কমিশনার'স মেডেল ঃ** আঞ্চলিক কাউন্সিল সভায় আঞ্চলিক সভাপতি পদক প্রদান করবেন। কোন কারণবশতঃ সভাপতির অনুপস্থিতিতে আঞ্চলিক সহ-সভাপতি বা আঞ্চলিক কমিশনার পদক প্রদান করতে পারবেন।

(৪) **কমিশনার'স অ্যাওয়ার্ড ঃ** আঞ্চলিক কাউন্সিল সভায় আঞ্চলিক সভাপতি অ্যাওয়ার্ড প্রদান করবেন। কোন কারণে সভাপতির অনুপস্থিতিতে সহ-সভাপতি বা আঞ্চরিক কমিশনার অ্যাওয়ার্ড প্রদান করতে পারবেন।

(৫) **(ক) মেডেল অব মেরিট ঃ** জাতীয় কাউন্সিল সভায় বাংলাদেশ স্কাউটসের সভাপতি বা প্রধান জাতীয় কমিশনার মেডেল অব মেরিট প্রদান করবেন। কোন কারণে জাতীয় কাউন্সিল সভায় বিতরণ করতে না পারলে পদক সংশ্লিষ্ট অঞ্চলে পাঠাতে হবে। অতঃপর আঞ্চলিক কাউন্সিল সভায়/নির্বাহী কমিটির সভায় এ মেডেল আঞ্চলিক সভাপতি বা আঞ্চলিক কমিশনার প্রদান করবেন।

**(খ) বার টু দি মেডেল অব মেরিট ঃ** জাতীয় কাউন্সিল সভায় সভাপতি বা প্রধান জাতীয় কমিশনার বার ও সনদ বিতরণ করবেন।

(৬) **লং সার্ভিস ডেকোরেশন ঃ** জাতীয় কাউন্সিল সভায় / জাতীয় নির্বাহী কমিটির সভায় প্রধান জাতীয় কমিশনার প্রদান করবেন। কোন কারণে জাতীয় পর্যায়ে বিতরণ করতে না পারলে লং সার্ভিস ডেকোরেশন সংশ্লিষ্ট অঞ্চলে পাঠাতে হবে। আঞ্চলিক সভাপতি, আঞ্চলিক কাউন্সিল সভা / নির্বাহী কমিটির সভায় প্রদান করবেন।

(৭) **লং সার্ভিস অ্যাওয়ার্ড ঃ** জাতীয় কাউন্সিল সভায় বাংলাদেশ স্কাউটসের সভাপতি বা প্রধান জাতীয় কমিশনার প্রদান করবেন।

(৮) **সি এন সি'স অ্যাওয়ার্ড ঃ** এ অ্যাওয়ার্ড ও সনদ জাতীয় কাউন্সিল সভায়/ জাতীয় নির্বাহী কমিটির সভায়/ পৃথক অনুষ্ঠানের মাধ্যমে প্রধান জাতীয় কমিশনার প্রদান করবেন।

(৯) **সভাপতি অ্যাওয়ার্ড ঃ** জাতীয় কাউন্সিল সভায় / জাতীয় নির্বাহী কমিটির সভায় বাংলাদেশ স্কাউটসের সভাপতি এ অ্যাওয়ার্ড ও সনদ প্রদান করবেন।

(১০) **রৌপ্য ইলিশ ঃ** জাতীয় কাউন্সিল সভায় চীফ স্কাউট আনুষ্ঠানিকভাবে রৌপ্য ইলিশ ও সনদ প্রদান করবেন।



(১১) **রৌপ্য ব্যাঘ্র ঃ** জাতীয় কাউন্সিল সভায় চীফ স্কাউট আনুষ্ঠানিভাবে রৌপ্য ব্যাঘ্র ও সনদ প্রদান করবেন।


(১২) **কমিশনার'স সার্টিফিকেট ঃ** এ সার্টিফিকেট আঞ্চলিক কাউন্সিল সভায়/আঞ্চলিক নির্বাহী কমিটির সভায় আঞ্চলিক কমিশনার বিতরণ করবেন। যদি কোন বিশেষ কারণে উক্ত সভায় সার্টিফিকেট বিতরণ করা না যায় তাহলে অঞ্চল থেকে সার্টিফিকেটগুলো সংশ্লিষ্ট জেলায় পাঠাতে হবে। অতঃপর জেলা স্কাউট/রোভার এর সভাপতি, জেলা কাউন্সিল সভায়/জেলা নির্বাহী কমিটির সভায় এ সার্টিফিকেট বিতরণ করবেন।

(১৩) **ন্যাশনাল সার্টিফিকেট ঃ** জাতীয় নির্বাহী কমিটির সভায় বাংলাদেশ স্কাউটসের সভাপতি বা প্রধান জাতীয় কমিশনার সার্টিফিকেট বিতরণ করবেন। যদি কোন কারণে উক্ত সভায় ন্যাশনাল সার্টিফিকেট বিতরণ করা না যায় তাহলে সংশ্লিষ্ট অঞ্চলের কাউন্সিল সভায়/ নির্বাহী কমিটির সভায় বাংলাদেশ স্কাউটসের সভাপতি ও প্রধান জাতীয় কমিশনারের পক্ষে আঞ্চলিক সভাপতি ন্যাশনাল সার্টিফিকেট বিতরণ করবেন।

## ১০২ (ক) রেপলিকা পরার নিয়মাবলী


ক (১) বাংলাদেশ স্কাউটসের অ্যাওয়ার্ডসমূহের রেপলিকা পরার নিয়মঃ

| | | | |
|---|---|---|---|
| | ১১ | ১০ | ৯ |
| ৮ | ৭ | ৬ | ৫ |
| ৪ | ৩ | ২ | ১ |




ক (২) বাংলাদেশ স্কাউটসের অ্যাওয়ার্ডসমূহের এবং বিশ্বস্কাউট সংস্থার অ্যাওয়ার্ড "ব্রোঞ্চ 'উলফ" এর রেপলিকা পরার নিয়মঃ

| | | | |
|---|---|---|---|
| খ | ১১ | ১০ | ৯ |
| ৮ | ৭ | ৬ | ৫ |
| ৪ | ৩ | ২ | ১ |



ক (৩) বাংলাদেশ স্কাউটসের অ্যাওয়ার্ড, ব্রোঞ্চ উলফ, বিদেশী স্কাউট সংস্থার সর্বোচ্চ অ্যাওয়ার্ড, বিদেশী স্কাউট সংস্থার অন্যান্য অ্যাওয়ার্ড, অন্যান্য বিদেশী দ্বিতীয় সর্বোচ্চ অ্যাওয়ার্ড, বাংলাদেশ সরকার/ রাষ্ট্রীয় পদক, সামরিক অ্যাওয়ার্ড/ পদক এর রেপলিকা এবং অন্যান্য (এএলটি ও এলটি) রেপলিকা পরার নিয়মঃ

| | | | |
|---|---|---|---|
| | ক | খ | |
| ১১ | গ | ১০ | ঘ |
| ৯ | ৮ | ঙ | ৭ |
| চ | ৬ | ৫ | ৪ |
| ৩ | ২ | ১ | ছ |





## ১০২ (খ) বিভিন্ন অ্যাওয়ার্ড / পদকের তালিকা ঃ

| | | | |
|---|---|---|---|
| ১১ | রৌপ্য ব্যাঘ্র | ১০ | রৌপ্য ইলিশ |
| ৯ | সভাপতি অ্যাওয়ার্ড | ৮ | সি, এন, সি'স অ্যাওয়ার্ড |
| ৭ | লং সার্ভিস অ্যাওয়ার্ড | ৬ | লং সার্ভিস ডেকোরেশন |
| ৫ | মেডল অব মেরিট/ বার টু দি মেডেল অব মেরিট | ৪ | কমিশনার'স, অ্যাওয়ার্ড |
| ৩ | কমিশনার'স মেডেল | ২ | গ্যালান্ট্রি অ্যাওয়ার্ড |
| ১ | ন্যাশনাল সার্ভিস অ্যাওয়ার্ড / নম্বর টু দি ন্যাশনাল সার্ভিস অ্যাওয়ার্ড | ক | বাংলাদেশ সরকার/রাষ্ট্রীয় পদক |
| খ | ব্রোঞ্জ উলফ অ্যাওয়ার্ড | গ | বিদেশী স্কাউট সংস্থার সর্বোচ্চ অ্যাওয়ার্ড |
| ঘ | অন্যান্য বিদেশী দ্বিতীয় সর্বোচ্চ অ্যাওয়ার্ড | ঙ | সামরিক অ্যাওয়ার্ড/ পদক |
| চ | বিদেশী স্কাউট সংস্থার অ্যাওয়ার্ড | ছ | অন্যান্য রেপলিকা যেমন- এল, টি, ও এ, এল, টিদের রেপলিকা |